

Bankura University

BA 1st Semester Examination, 2021

বাংলা

Course Title: সংস্কৃত ও ইংরেজি সাহিত্যের ইতিহাস, ছন্দ-অলঙ্কার

Course ID: 10112

Course Code: AHBNG-102-C-2

সময়: ২ ঘণ্টা

পূর্ণমান: ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

২ x ৫ = ১০

ক) বাণভট্ট রচিত ‘হর্ষচরিত’ কি জাতীয় গ্রন্থ? এই কাব্যে কোন রাজাদের কথা বর্ণিত হয়েছে?

খ) প্রকরণ জাতীয় নাটক কাকে বলে? সংস্কৃত সাহিত্যে দুটি প্রকরণ জাতীয় নাটকের নাম লেখো।

গ) ‘ক্যান্টারবেরি টেলস’ কার লেখা? এই গ্রন্থটিতে মোট ক’টি গল্প আছে?

ঘ) ওয়ার্ডসওয়ার্থ কোলরিজের সঙ্গে যৌথভাবে কোন গ্রন্থ সম্পাদনা করেছিলেন? গ্রন্থটির প্রকাশ কাল কত?

ঙ) অতিপর্ব কাকে বলে? উদাহরণ দাও।

চ) পয়ারের শোষণ শক্তি বলতে কী বোঝ?

ছ) ব্যতিরেক অলঙ্কার কাকে বলে? উদাহরণ দাও।

জ) বিরোধভাস অলঙ্কার কাকে বলে? উদাহরণ দাও।

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

৫ x ২ = ১০

ক) ‘অভিজ্ঞানশকুন্তলম’ নাটকের উৎস কী? এই নাটক রচনায় কালিদাসের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

খ) ‘Adonais’ রচনায় শেলির কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

গ) ছন্দোলিপি প্রস্তুত করো:

ঐ আসে ঐ অতি ভৈরব হরষে

জল সিঞ্চিত ক্ষিতি সৌরভ রভসে।

ঘ) ব্যাখ্যাসহ অলঙ্কার নির্ণয় করো:

কি আর কহি, দেব ! কাঁপিছে এ পুরি

রঞ্জেবীর পদভরে, নহে ভুকম্পনে !

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

১০ x ২ = ২০

ক) ভাসের নাটকগুলির সংক্ষিপ্ত পরিচয় দিয়ে সংস্কৃত সাহিত্যের ইতিহাসে তার গুরুত্ব নিরূপণ করো।

খ) ইংরাজি সাহিত্যের ইতিহাসে ওয়ার্ডসওয়ার্থের কাব্য ভাবনার স্বরূপ নিরূপণ করো।

গ) মিশ্রবৃত্ত ছন্দ কাকে বলে ? এই ছন্দের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

ঘ) উপমা অলঙ্কার কাকে বলে ? উদাহরণসহ উপমা অলঙ্কারের প্রত্যেকটি বিভাগের পরিচয় দাও।